

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গনতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৬ তম কর্পোরেশন সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আনিসুল হক
মাননীয় মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪
১৩ জুন, ২০১৭
সময় : বিকাল ০৩.৩০ টা
স্থান : রাওয়া কনভেনশন হল, মহাখালী

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট “ক”

সভার সভাপতি মাননীয় মেয়র উপস্থিত সকলকে রমজানুল মোবারক জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন ডিএনসিসি হাতে নেয়া প্রায় ২৫ টি প্রজেক্ট এর কাজ চলমান। বনানী কবরস্থান আধুনিকায়ন করা হচ্ছে, বনানী কবরস্থানের ৩৬টি জাতীয় কবরের ডিজাইন সংস্করণ মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করে বাস্তবায়ন করা হচ্ছে-যা আগটির আগে সম্পন্ন হলে গোটা কবরস্থানের আবহ উন্নত হবে। চলমান এ প্রোজেক্টগুলোসহ অন্যান্য মেগা প্রজেক্ট হাতে নেওয়া হলেও নানাবিধ কারণে ডিএনসিসি'র নিজস্ব Equity সংকট রয়েছে-যা থেকে উত্তোরণের জন্য নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ অর্থ বছরের স্থিতি আগের ২০০ কোটি টাকা থেকে বেড়ে ৩৫০ কোটিতে উন্নিত হয়েছে। প্রগতি স্বরনীতে বারিধারার পাশের ওয়াল সবুজায়নসহ রিপ্রেস করা হচ্ছে। প্লানিং কমিশন থেকে মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন পর্যন্ত ওয়াল রিপ্রেস করা হচ্ছে। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা শহরে ৪০০০ বাস চালু এবং গাবতলী থেকে হানিফ ফ্লাই ওভার পর্যন্ত নতুন একটি ফ্লাইওভার নির্মাণের দায়িত্ব ডিএনসিসি'র মাননীয় মেয়র এর উপর আস্থার সাথে অর্পণ করেছেন। যা সরকারের নিকট ডিএনসিসি'র বর্তমান পর্যদের কার্যক্রমের স্বীকৃতি ও সক্ষমতার পরিচায়ক। সভাপতি আগামী ৬ জানুয়ারি ২০১৮ তারিখে ৫০ টি দেশের মেয়রগণের সমন্বয়ে “মেয়র সামিট” আয়োজন করার আশাবদ ব্যক্ত করেন-যার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীকে ইতোমধ্যে অবহিত করা হয়েছে। ফুটপাথ অবমুক্তকরণ কার্যক্রমের অংশ হিসেবে American এ্যাম্বাসেডর এর বাসভবনের সামনের দখলকৃত ফুটপাথও অবমুক্ত করা হয়েছে। অতঃপর সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

সভার সভাপতি মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বিগত ২৯/০৫/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৫তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে	প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৯/০৫/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৫তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/ পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। ১৫তম কর্পোরেশন সভার বিবিধ (৪) এর ২ নং সিদ্ধান্ত “প্রতিটি মসজিদ/ঈদগাহে প্যাভেল নির্মাণ ব্যয় নির্বাহের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বরাদ্দ/অনুদান প্রদান করা হবে” সংশোধন পূর্বক “প্রতিটি মসজিদ/ঈদগাহে প্যাভেল নির্মাণ ব্যয় নির্বাহের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ/অনুদান প্রদান করা হবে” করার জন্য বোর্ড থেকে সংশোধনী প্রস্তাব উত্থাপন করা হয়। সভাপতিসহ উপস্থিত সকল কাউন্সিলর উক্ত প্রস্তাব সমর্থন করেন।	১৫তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর ক্রমিক নং ১৯ এর বিবিধ (৪) এর ২ নং সংশোধনী সিদ্ধান্ত “প্রতিটি মসজিদ/ঈদগাহে প্যাভেল নির্মাণ ব্যয় নির্বাহের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ/অনুদান প্রদান করা হবে” সহ ১৫তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২.	১৫তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি	১৫তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি।	১। ১৫তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। পূর্ববর্তী সভার অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে সচিব দপ্তরে প্রেরণ করতে হবে।	<ul style="list-style-type: none"> বিভাগীয় প্রধান (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
০৩.	PWCSP দের মাধ্যমে বাসাবাড়ী থেকে গৃহস্থলী বর্জ্য সংগ্রহের সেবা মূল্য পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বাসাবাড়ী থেকে বর্জ্য সংগ্রহের কাজে নিয়োজিত PWCSP দের গত ০৯/০৪/২০০৯ তারিখের নির্ধারিত সেবামূল্য (অফিস আদেশ নং- ২৫৭/সিডি/০৯/৪১৮/প্রঃবিঃ(১৭০) ডিএনসিসি'র সকল এলাকায় ৩০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা নির্ধারণ করার প্রস্তাব পেশ করেন। তিনি আরও জানান, ডিএনসিসি'তে ৩১৪টি প্রতিষ্ঠান ১২২৮টি ভ্যানের মাধ্যমে ১,৫৯,৯৩১ সংখ্যক House Hold থেকে বর্জ্য সংগ্রহ করে। PWCSPতে কর্মরত জনবল সংখ্যা ২৭৪২ জন। ওয়ার্ড-৭ এর সম্মানিত কাউন্সিলর মোঃ মোবাক্কের চৌধুরী বলেন, PWCSP'র নির্ধারিত হারে কোন বাড়ি থেকেই টাকা নেন না,	১। ডিএনসিসি'র বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি আগামী কর্পোরেশন সভায় PWCSP দের সেবামূল্যের বিষয়ে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন। ২। PWCSP দের প্রতিনিধির উপস্থিতিতে এ বিষয়ে আগামী কর্পোরেশন সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। উক্ত সিদ্ধান্ত	<ul style="list-style-type: none"> সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী																																																					
		<p>তার প্রতি বাড়ি থেকেই বাড়তি টাকা আদায় করেন। মিরপুর এলাকায় অধিকাংশ বাড়িতে ১০-১৪টি করে ফ্লট রয়েছে, প্রতিটি ফ্লট থেকে ৫০ টাকা করে নিলেও একটি বাড়ি থেকে প্রায় ৫০০-৭০০ টাকা নেওয়া হয়। এ জন্য PWCSP দেয় সেবামূল্য ৩০ টাকা থেকে বাড়িয়ে সর্বোচ্চ ৫০ টাকা নির্ধারণ করা যেতে পারে। সভায় উপস্থিত অধিকাংশ কাউন্সিলর এর মতের সাথে সম্মতি প্রদান করেন।</p> <p>সংরক্ষিত আসন-১ এর সম্মানিত কাউন্সিলর শাহানা জ পারভীন বলেন, উত্তরায় প্রতিটি বাড়ি থেকে ৩০০ টাকা করে আদায় করা হয়। PWCSP দেয় সেবামূল্য ৩০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা করা যায়। সেক্ষেত্রে এ বিষয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে যাতে PWCSPরা নির্ধারিত মূল্যের বেশি টাকা আদায় করতে না পারে।</p> <p>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, বাসাবাড়ী থেকে বর্জ্য সংগ্রহের কাজে নিয়োজিত বিভিন্ন NGO ও সমাজকল্যাণ সংস্থা কর্তৃক টাকা শহরে এলাকাভিত্তিক সেবামূল্য নির্ধারণের তারতম্যের কথা উল্লেখ করেন। এমনকি গুলশান এলাকায় প্রতিটি বাড়ি থেকে প্রায় ৫০০-৬০০ টাকা করে আদায় করা হয় বলেও তিনি জানান। PWCSP দেয় সেবামূল্য ডিএনসিসি অধিক্ষেত্রের সকল ওয়ার্ডে একই রকম করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।</p> <p>সভাপতি বলেন, ডিএনসিসি'র বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি আগামী কর্পোরেশন সভায় PWCSP দেয় সেবামূল্যের বিষয়ে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন। PWCSP দেয় প্রতিনিধির উপস্থিতিতে এ বিষয়ে আগামী কর্পোরেশন সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক সেবামূল্যের পরিমাণ জনসাধারণকে অবহিত করণের নিমিত্ত প্রিন্টমিডিয়াসহ অন্যান্য মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর একমত পোষণ করেন।</p>	<p>মোতাবেক সেবামূল্যের পরিমাণ জনসাধারণকে অবহিত করণের নিমিত্ত প্রিন্টমিডিয়াসহ অন্যান্য মাধ্যমে ব্যাপক প্রচারণা চালাতে হবে।</p>																																																						
০৪.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নতুন অর্ন্তভুক্ত ০৮ টি ইউনিয়নকে ৫টি অঞ্চল ও ১৮টি ওয়ার্ডে বিভাজন সংক্রান্ত	<p>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নতুন অর্ন্তভুক্ত ০৮ টি ইউনিয়নকে ৫টি অঞ্চল ও ১৮টি ওয়ার্ডে বিভাজন এর নিমিত্ত গত ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখে সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার খসড়া কার্যবিবরণী সংযুক্ত।</p> <p>সভায় অঞ্চল ও ওয়ার্ড ভিত্তিক বিভাজনের নিম্নরূপ সুপারিশ করা হয়ঃ</p> <table border="1"> <thead> <tr> <th>নতুন অঞ্চল</th> <th>ইউনিয়ন পরিষদের নাম</th> <th>বিদ্যমান ওয়ার্ড নম্বর</th> <th>নতুন ওয়ার্ড নম্বর</th> </tr> </thead> <tbody> <tr> <td rowspan="4">অঞ্চল-১০</td> <td rowspan="2">বাড্ডা</td> <td>১, ২, ৩, ৪ ও ৫</td> <td>৩৭</td> </tr> <tr> <td>৬, ৭, ৮ ও ৯</td> <td>৩৮</td> </tr> <tr> <td>সাতারকুল</td> <td>সম্পূর্ণ ইউনিয়ন</td> <td>৪১</td> </tr> <tr> <td>বেরাইদ</td> <td>সম্পূর্ণ ইউনিয়ন</td> <td>৪২</td> </tr> <tr> <td rowspan="3">অঞ্চল-৯</td> <td rowspan="2">ভাটারা</td> <td>৬, ৭, ৮ ও ৯</td> <td>৩৯</td> </tr> <tr> <td>১, ২, ৩, ৪ ও ৫</td> <td>৪০</td> </tr> <tr> <td>ভূমনি</td> <td>সম্পূর্ণ ইউনিয়ন</td> <td>৪৩</td> </tr> <tr> <td rowspan="3">অঞ্চল-৮</td> <td rowspan="3">উত্তরখান</td> <td>৭, ৮, ৯ ও ২</td> <td>৪৪</td> </tr> <tr> <td>১ (মাজার রোড এর উত্তর ও দক্ষিণের অংশ)</td> <td>৪৫</td> </tr> <tr> <td>৩, ৪, ৫ ও ৬</td> <td>৪৬</td> </tr> <tr> <td rowspan="4">অঞ্চল-৭</td> <td rowspan="4">দক্ষিণখান</td> <td>৫</td> <td>৪৭</td> </tr> <tr> <td>১, ৭, ৮ ও ৯</td> <td>৪৮</td> </tr> <tr> <td>২ ও ৩</td> <td>৪৯</td> </tr> <tr> <td>৪ ও ৬</td> <td>৫০</td> </tr> <tr> <td rowspan="4">অঞ্চল-৬</td> <td rowspan="4">হরিরামপুর</td> <td>৭ (আংশিক)</td> <td>৫১</td> </tr> <tr> <td>৭ (আংশিক), ৮ ও ৯</td> <td>৫২</td> </tr> <tr> <td>৪, ৫ ও ৬</td> <td>৫৩</td> </tr> <tr> <td>১, ২ ও ৩</td> <td>৫৪</td> </tr> </tbody> </table>	নতুন অঞ্চল	ইউনিয়ন পরিষদের নাম	বিদ্যমান ওয়ার্ড নম্বর	নতুন ওয়ার্ড নম্বর	অঞ্চল-১০	বাড্ডা	১, ২, ৩, ৪ ও ৫	৩৭	৬, ৭, ৮ ও ৯	৩৮	সাতারকুল	সম্পূর্ণ ইউনিয়ন	৪১	বেরাইদ	সম্পূর্ণ ইউনিয়ন	৪২	অঞ্চল-৯	ভাটারা	৬, ৭, ৮ ও ৯	৩৯	১, ২, ৩, ৪ ও ৫	৪০	ভূমনি	সম্পূর্ণ ইউনিয়ন	৪৩	অঞ্চল-৮	উত্তরখান	৭, ৮, ৯ ও ২	৪৪	১ (মাজার রোড এর উত্তর ও দক্ষিণের অংশ)	৪৫	৩, ৪, ৫ ও ৬	৪৬	অঞ্চল-৭	দক্ষিণখান	৫	৪৭	১, ৭, ৮ ও ৯	৪৮	২ ও ৩	৪৯	৪ ও ৬	৫০	অঞ্চল-৬	হরিরামপুর	৭ (আংশিক)	৫১	৭ (আংশিক), ৮ ও ৯	৫২	৪, ৫ ও ৬	৫৩	১, ২ ও ৩	৫৪	<p>১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নতুন অর্ন্তভুক্ত ০৮ টি ইউনিয়নকে ৫টি অঞ্চল ও ১৮টি ওয়ার্ডে বিভাজন এর নিমিত্ত গত ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখে সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার খসড়া কার্যবিবরণী অনুমোদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<ul style="list-style-type: none"> প্রধান সম্পত্তি কর্মকর্তা
নতুন অঞ্চল	ইউনিয়ন পরিষদের নাম	বিদ্যমান ওয়ার্ড নম্বর	নতুন ওয়ার্ড নম্বর																																																						
অঞ্চল-১০	বাড্ডা	১, ২, ৩, ৪ ও ৫	৩৭																																																						
		৬, ৭, ৮ ও ৯	৩৮																																																						
	সাতারকুল	সম্পূর্ণ ইউনিয়ন	৪১																																																						
	বেরাইদ	সম্পূর্ণ ইউনিয়ন	৪২																																																						
অঞ্চল-৯	ভাটারা	৬, ৭, ৮ ও ৯	৩৯																																																						
		১, ২, ৩, ৪ ও ৫	৪০																																																						
	ভূমনি	সম্পূর্ণ ইউনিয়ন	৪৩																																																						
অঞ্চল-৮	উত্তরখান	৭, ৮, ৯ ও ২	৪৪																																																						
		১ (মাজার রোড এর উত্তর ও দক্ষিণের অংশ)	৪৫																																																						
		৩, ৪, ৫ ও ৬	৪৬																																																						
অঞ্চল-৭	দক্ষিণখান	৫	৪৭																																																						
		১, ৭, ৮ ও ৯	৪৮																																																						
		২ ও ৩	৪৯																																																						
		৪ ও ৬	৫০																																																						
অঞ্চল-৬	হরিরামপুর	৭ (আংশিক)	৫১																																																						
		৭ (আংশিক), ৮ ও ৯	৫২																																																						
		৪, ৫ ও ৬	৫৩																																																						
		১, ২ ও ৩	৫৪																																																						

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী																														
		<p>উপরোক্ত বর্ণনা অনুসারে ডিএনসিসি'র নতুন ৫টি অঞ্চল ও ১৮টি ওয়ার্ড বিভাজন করা যায়। এছাড়াও গত ১৮/০৮/২০১৬ তারিখের জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকার স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৭.৩৩.০০৫.১১-৬২১ (৯) এর গণবিজ্ঞপ্তি এ উল্লেখিত মিরপুর পল্লবী ২য় পর্ব সংক্রান্ত নিম্নরূপ প্রস্তাবনা রয়েছে।</p> <table border="1"> <thead> <tr> <th>প্রস্তাবিত ডিএনসিসি ওয়ার্ড নং</th> <th>মৌজা/জে.এল নং</th> <th>মহল্লা/ভোটার এলাকা</th> <th>ভোটার</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td>ডিএনসিসি এর ৬ নং ওয়ার্ড এর সাথে সংযুক্ত হবে</td> <td>মেরুল মৌজা, জেএল নং- ২১৫</td> <td>পল্লবী ২য় পর্ব</td> <td>২০০</td> <td>১৫/১০/২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত গ্যাজেট অনুযায়ী বর্ণিত এলাকা ঢাকা সিটি কর্পোরেশনের বর্তমানে (ডিএনসিসি) এর অন্তর্ভুক্ত আছে কিন্তু ডিএনসিসি এর ওয়ার্ডভুক্ত হয়নি তাই উক্ত এলাকা পার্শ্ববর্তী ডিএনসিসি এ ৬ নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত হবে।</td> </tr> <tr> <td></td> <td>দ্বিগুন মৌজা, জেএল নং- ২১৬</td> <td>"</td> <td>৬২০০</td> <td></td> </tr> <tr> <td></td> <td>আগুন্দা মৌজা, জেএল নং- ২১৭</td> <td>"</td> <td>১২০০</td> <td></td> </tr> <tr> <td></td> <td>গড়ান চটবাড়ী মৌজা, জেএল নং- ২১৮</td> <td>"</td> <td>৭০০০</td> <td></td> </tr> <tr> <td></td> <td></td> <td>সর্বমোট</td> <td>১৪৬০০</td> <td></td> </tr> </tbody> </table> <p>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নতুন অর্ন্তভুক্ত ০৮ টি ইউনিয়নকে ৫টি অঞ্চল ও ১৮টি ওয়ার্ডে বিভাজন এর নিমিত্ত গত ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখে সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার খসড়া কার্যবিবরণী প্রয়োজনে সংশোধন, সংযোজন ও বিয়োজন পূর্বক অনুমোদন করার নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়।</p> <p>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নতুন অর্ন্তভুক্ত ০৮ টি ইউনিয়নকে ৫টি অঞ্চল ও ১৮টি ওয়ার্ডে বিভাজন এর নিমিত্ত গত ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখে সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার খসড়া কার্যবিবরণী অনুমোদন করার বিষয়ে এবং ১৫/১০/২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত গ্যাজেট অনুযায়ী মেরুল মৌজা, জেএল নং-২১৫, দ্বিগুন মৌজা, জেএল নং-২১৬, আগুন্দা মৌজা, জেএল নং-২১৭ ও গড়ান চটবাড়ী মৌজা, জেএল নং-২১৮ ঢাকা সিটি কর্পোরেশনের (বর্তমানে ডিএনসিসি) এর অন্তর্ভুক্ত আছে কিন্তু ডিএনসিসি এর ওয়ার্ডভুক্ত হয়নি তাই উক্ত এলাকা পার্শ্ববর্তী ডিএনসিসি এ ৬ নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করার বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন।</p>	প্রস্তাবিত ডিএনসিসি ওয়ার্ড নং	মৌজা/জে.এল নং	মহল্লা/ভোটার এলাকা	ভোটার	মন্তব্য	ডিএনসিসি এর ৬ নং ওয়ার্ড এর সাথে সংযুক্ত হবে	মেরুল মৌজা, জেএল নং- ২১৫	পল্লবী ২য় পর্ব	২০০	১৫/১০/২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত গ্যাজেট অনুযায়ী বর্ণিত এলাকা ঢাকা সিটি কর্পোরেশনের বর্তমানে (ডিএনসিসি) এর অন্তর্ভুক্ত আছে কিন্তু ডিএনসিসি এর ওয়ার্ডভুক্ত হয়নি তাই উক্ত এলাকা পার্শ্ববর্তী ডিএনসিসি এ ৬ নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত হবে।		দ্বিগুন মৌজা, জেএল নং- ২১৬	"	৬২০০			আগুন্দা মৌজা, জেএল নং- ২১৭	"	১২০০			গড়ান চটবাড়ী মৌজা, জেএল নং- ২১৮	"	৭০০০				সর্বমোট	১৪৬০০			
প্রস্তাবিত ডিএনসিসি ওয়ার্ড নং	মৌজা/জে.এল নং	মহল্লা/ভোটার এলাকা	ভোটার	মন্তব্য																														
ডিএনসিসি এর ৬ নং ওয়ার্ড এর সাথে সংযুক্ত হবে	মেরুল মৌজা, জেএল নং- ২১৫	পল্লবী ২য় পর্ব	২০০	১৫/১০/২০০৯ খ্রিঃ তারিখে প্রকাশিত গ্যাজেট অনুযায়ী বর্ণিত এলাকা ঢাকা সিটি কর্পোরেশনের বর্তমানে (ডিএনসিসি) এর অন্তর্ভুক্ত আছে কিন্তু ডিএনসিসি এর ওয়ার্ডভুক্ত হয়নি তাই উক্ত এলাকা পার্শ্ববর্তী ডিএনসিসি এ ৬ নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত হবে।																														
	দ্বিগুন মৌজা, জেএল নং- ২১৬	"	৬২০০																															
	আগুন্দা মৌজা, জেএল নং- ২১৭	"	১২০০																															
	গড়ান চটবাড়ী মৌজা, জেএল নং- ২১৮	"	৭০০০																															
		সর্বমোট	১৪৬০০																															
০৫.	মার্কেট উপ-আইন সংশোধন সংক্রান্ত	<p>প্রধান রাজস্ব কর্মকর্তা সভায় উপস্থাপন করেন যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২২ এ প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সরকারের নির্দেশক্রমে, ৩০ টি ধারা সম্বলিত খসড়া মার্কেট উপ-আইন ২০১৭ প্রণয়ন করা হয়েছে।</p> <p>সভাপতি বলেন, বিদ্যমান 'মার্কেট উপ আইন ২০১৩' অনুযায়ী কাওরান বাজার স্থানান্তর, সদ্য নির্মিত মহাখালী কাঠা বাজারের লিজ বরাদ্দসহ অন্যান্য মার্কেট ব্যবস্থাপনা কার্যক্রম সৃষ্টভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। যার ফলে বিদ্যমান আইনি কাঠামো সংশোধন করা অত্যাাবশ্যিক।</p> <p>প্রণীত খসড়া 'মার্কেট উপ-আইন ২০১৭' অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নীতিগত সিদ্ধান্ত গৃহীত</p>	<p>সভায় নীতিগত ভাবে 'মার্কেট উপ-আইন ২০১৭' গৃহীত হয়েছে। তবে কোন পর্যবেক্ষণ থাকলে তা পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপন করতে হবে।</p>	<ul style="list-style-type: none"> সকল সম্মানিত কাউন্সিলর সচিব প্রধান রাজস্ব কর্মকর্তা 																														

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		হয়েছে। তবে কোন পর্যবেক্ষণ থাকলে তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল কাউন্সিলর একমত্যা পোষণ করেন।		
০৬.	গুলশান-১ মার্কেট সম্পর্কে করণীয় নির্ধারণ সংক্রান্ত	<p>প্রধান প্রকৌশলী সভায় অবহিত করেন যে, গুলশান-১ মার্কেট নির্মাণ সংক্রান্ত চুক্তিটি অবিভক্ত সিটি কর্পোরেশনের সময় সম্পাদিত। এ মার্কেট ভবন নির্মাণে বিভিন্ন সংস্থার ছাড়পত্র না পাওয়ায় এবং দীর্ঘদিনের পূর্ণবাসন প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হওয়ার ফলে বিদ্যমান চুক্তিটির কার্যকারিতা প্রতিফলিত হয়নি এবং মার্কেট নির্মাণ কার্যক্রমও গ্রহণ সম্ভব হয়নি। তাছাড়া নবম জাতীয় সংসদের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৪ নং সাব কমিটি এর ১১(৪) নং সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটি বাতিল করার সুপারিশ থাকায়; এ বিষয়ে ডিএনসিসি কর্তৃক আর কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি।</p> <p>প্রধান প্রকৌশলী প্রকল্পের সারসংক্ষেপ সভায় তুলে ধরেন।</p> <p>প্রকল্পের সারসংক্ষেপ নিম্নরূপ: দরপত্র আহবান : ২৭/০১/২০০৩ চুক্তি সম্পাদন : স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে গত ২৫.০৯.২০০৬খ্রিঃ তারিখে ডিএনসিসি ও উদ্যোগী সংস্থার সাথে ২৭% ও ৭৩% হারে চুক্তি সম্পাদিত হয় পরবর্তীতে ১৫/১১/২০১০খ্রিঃ তারিখে ডিএনসিসি ও উদ্যোগী সংস্থার শেয়ারের অনুপাত ৩৭:৬৩ নির্ধারণ করে সংশোধিত চুক্তি সম্পাদিত হয়। নির্মিতব্য তলা : ১৪ তলা জমির পরিমাণ : ৭.৪৭ বিঘা / ২.৩৭ একর। বর্তমান অবস্থা : বাধামুক্ত সাইট হস্তান্তর এখনও সম্পন্ন হয়নি। বিষয়টি নিয়ে মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে গত ০৪/০৮/২০১৬খ্রিঃ, ২৯/০৯/২০১৬খ্রিঃ তারিখে এবং ১৬/১০/২০১৬খ্রিঃ তারিখে এ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। RFP ডকুমেন্ট এ Land Ownership সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত থাকলেও চুক্তিতে তার কোন প্রতিফলন নাই। তাছাড়া উক্ত জায়গাটি শর্তসাপেক্ষে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ হতে সিটি কর্পোরেশনকে প্রদান করা হয়েছে। বর্তমান ভবনটি ঝুঁকি পূর্ণ ভবন হিসাবে চিহ্নিত রয়েছে। ব্যবসায়ীগণ ঝুঁকির মধ্যে ব্যবসা পরিচালনা করছেন। সম্প্রতি উক্ত ভবনের কাঁচা অংশে বৈদ্যুতিক লাইন থেকে অগ্নিকান্ড ঘটে ও ব্যবসায়ীগণ বিপুল পরিমাণে আর্থিক ক্ষতির শিকার হন। পরবর্তীতে এখানে সিটি কর্পোরেশন থেকে অস্থায়ী সেড নির্মাণ করে দেওয়া হয়েছে। উক্ত সেডে ব্যবসায়ীগণ ব্যবসা পরিচালনা করছেন, তবে উক্ত সেড ঝুঁকিমুক্ত নহে।</p> <p>৯ম জাতীয় সংসদের "স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির" ৪নং সাব কমিটির ২২/০৭/২০১৩খ্রিঃ তারিখের ৩য় বৈঠকের সিদ্ধান্ত নিম্নরূপ : সিদ্ধান্ত : ১১ (ঙ): গুলশান-১ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স (সিটি ট্রেড সেন্টার), মোহাম্মদপুর টাউন হল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, রায়ের বাজার সিটি কর্পোরেশনের পরিত্যক্ত মার্কেটের এবং খালি জায়গায় উদ্যোগী সংস্থার অর্থায়নে বহুতল বিশিষ্ট অত্যাধুনিক বানিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প, মিরপুর-১০ নম্বর এ টাউনহল ঝুঁকির নির্মাণ প্রকল্পগুলোতে ডিসিসি'র শেয়ার অনুপাত বাজার মূল্যের তুলনায় কম হওয়ায় সিভিল এডিয়েশনসহ অন্যান্য সংস্থার ছাড়পত্র না নেওয়ায় এবং বিভিন্ন আইনী জটিলতার কারণে দীর্ঘদিন কাজ শুরু করতে না পারায় প্রকল্পগুলো বাতিল করার সুপারিশ করা হয় (বাস্তবায়নে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও স্থানীয় সরকার বিভাগ।</p> <p>পরবর্তীতে ৯ম জাতীয় সংসদের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৫১তম বৈঠকে 'ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি সম্পর্কে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি সাব-কমিটি গঠন করা হয়। বিগত ২২/০৭/২০১৪ তারিখ পর্যন্ত সাব-কমিটির ৩টি বৈঠক অনুষ্ঠিত হলেও ৯ম জাতীয় সংসদের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে আলোচ্য সাব-কমিটির সিদ্ধান্ত/মতামত সম্পর্কে কোন সুপারিশ গ্রহণ</p>	<p>গুলশান-১ মার্কেট নির্মাণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত উল্লেখ পূর্বক মন্ত্রণালয়ের মতামত/অনুমোদন/সিদ্ধান্ত নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং Ministry এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।</p>	<p>• প্রধান প্রকৌশলী</p>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>করা হয়নি।</p> <p>অতঃপর, প্রধান প্রকৌশলী বর্ণিত মার্কেট সম্পর্কে করণীয় নির্ধারণ করার জন্য বোর্ড সভায় আলোচনা এবং স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত গ্রহণের জন্য সুপারিশ করেন।</p> <p>যেহেতু গুলশান-১ মার্কেটটি অগ্নি দুর্ঘটনার জন্য অত্যন্ত বিপদজনক ও ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়েছে, সুতরাং এ বিষয়টি সুরাহা করা অত্যন্ত জরুরী মর্মে মাননীয় মেয়র মহোদয় নির্দেশনা প্রদান করেন।</p> <p>এ বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড-১৯ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মফিজুর রহমান বলেন, গুলশান-১ মার্কেট নির্মাণের জন্য উদ্যোগী সংস্থার সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী ডিএনসিসি জমি হস্তান্তর করতে পারেনি বিধায় উদ্যোগী সংস্থাও মার্কেট নির্মাণ কার্যক্রম শুরু করতে পারে না। তিনি আরো বলেন, বিদ্যমান চুক্তি অনুযায়ী ডিএনসিসি ও উদ্যোগী সংস্থার শেয়ার অনুপাত ৩৭:৬৩ যা অসম। উক্ত চুক্তি পূর্ববর্তী পর্যদ কর্তৃক সম্পাদন করা হয়েছিলো। যা বর্তমান প্রেক্ষাপটে এই পর্যদ কর্তৃক সিদ্ধান্ত না নিয়ে মন্ত্রণালয়ের মতামত/অনুমোদন/সিদ্ধান্ত নেয়া প্রয়োজন এবং Authority এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে মর্মে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন।</p>		
০৭.	ল্যান্ডফিলে স্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক/ক্রিনারগণকে মাননীয় মেয়র মহোদয়ের ঐচ্ছিক তহবিল হতে প্রনোদনা প্রদান প্রসঙ্গে।	<p>ল্যান্ডফিল ডিএনসিসি'র একটি গুরুত্বপূর্ণ স্থাপনা যা বর্জ্য ব্যবস্থাপনার জন্য অপরিহার্য। ল্যান্ডফিলের কর্মপরিবেশ খুবই রুঢ়। এখানে কাজ করার জন্য কেহ ইচ্ছা পোষণ করে না। নিয়োজিতরা দীর্ঘদিন অবস্থান করতে চায় না। ল্যান্ডফিলের রুঢ় ও দুর্গন্ধযুক্ত পরিবেশে স্বাস্থ্যঝুঁকি রয়েছে। কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের মধ্যে ল্যান্ডফিলের বিরূপ পরিস্থিতিতে কাজ করার আগ্রহ সৃষ্টির জন্য প্রনোদনা প্রদান সহায়ক ভূমিকা রাখতে পারে। যা বৎসরে দু'টি মূল বেতনের সমান হতে পারে। বর্তমানে কর্মরত ১৫ জন কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের প্রনোদনা প্রদানে বাৎসরিক ৩,২১,২৮০/- (তিন লক্ষ একশ হাজার দুই শত আশি) টাকা ব্যয় হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য প্রধান বর্জ্য ব্যবস্থাপন কর্মকর্তা মহোদয় উপস্থাপন করবেন।</p>	পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	● সচিব
০৮.	ব্যক্তি মালিকানাধীন রাস্তার জমি কর্পোরেশন বরাবর হস্তান্তর সংক্রান্ত।	<p>পূর্ব রামপুরা, স্বাধীনতা সড়ক (সাবেক অগ্নিশীখা), মৌজা-উলুন, ওয়ার্ড নং-২২, জমির পরিমাণ-(৪৩৪ X ১৪)=৬০৭৬ বর্গফুট (প্রায়) এবং কাগজপত্র যথাযথ আছে। বর্ণিত রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের জন্য আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।</p> <p>বিধি মতে পূর্ব রামপুরা, স্বাধীনতা সড়ক (সাবেক অগ্নিশীখা), মৌজা-উলুন রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ঐক্যমত্য পোষণ করেন।</p>	বিধি মতে পূর্ব রামপুরা, স্বাধীনতা সড়ক (সাবেক অগ্নিশীখা), মৌজা-উলুন রাস্তাটি ডিএনসিসি বরাবর হস্তান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	● প্রধান সম্পত্তি কর্মকর্তা
০৯.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি"র ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার সুপারিশ সম্পর্কে আলোচনা	<p>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি"র ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভায় ৮(আট)টি সুপারিশসহ কার্যবিবরণী উপস্থাপন করা হয়েছে (কার্যবিবরণী সংযুক্ত)। বর্ণিত সুপারিশের উপর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।</p>	পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	● সচিব
১০	বিবিধঃ (১) পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদের সহায়তা করণ প্রসঙ্গে	<p>১৫তম কর্পোরেশন সভায় পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদের সহায়তা করণ বিষয়ে গৃহীত নিয়ম উপস্থাপনের উপর বর্ণিত আলোচনা হয়।</p> <p>"ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ৩৬ ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে ২৫ টি মসজিদের ইমামকে ২০০০/- (দুই হাজার) এবং মুয়াজ্জিনকে ১০০০/- (এক হাজার) টাকা করে মোট ২৭,০০,০০০/- (সাতাশ লক্ষ) টাকা মাননীয় মেয়র এর ঐচ্ছিক তহবিল থেকে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের অনুকূলে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং টাকা বিতরণ শেষে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা "মাষ্টাররোল/বিতরণ তালিকা" সংরক্ষণ করবেন"</p> <p>ওয়ার্ড-৩০ এর সম্মানিত কাউন্সিলর জনাব আবুল হাসেম (হাসু) ওয়ার্ডের প্রতিটি মসজিদের ইমাম ও মুয়াজ্জিনকে অনুদান প্রদান</p>	<p>১। আগামী ২১/০৬/২০১৭ খ্রিঃ তারিখ ১৭ তম কর্পোরেশন সভায় (বাজেট সভা) প্রতিটি ওয়ার্ডের মসজিদ এর তালিকা উপস্থাপন করতে হবে।</p> <p>২। মসজিদের তালিকা প্রাপ্তি স্বাপেক্ষে অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।</p>	<ul style="list-style-type: none"> ● সম্মানিত কাউন্সিলর (সকল) ● আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>করার প্রস্তাব করেন।</p> <p>ওয়ার্ড-০৩ এর সম্মানিত কাউন্সিলর কাজী জহিরুল ইসলাম বলেন, ইমাম ও মুয়াজ্জিন এর সাথে মসজিদের ২জন করে খাদেমকেও আর্থিক অনুদান প্রদান করা প্রয়োজন।</p> <p>সভাপতি, আগামী ২১/০৬/২০১৭ খ্রিঃ তারিখ ১৭ তম কর্পোরেশন সভায় (বাজেট সভা) প্রতিটি ওয়ার্ডের মসজিদ এর তালিকা উপস্থাপন করার জন্য উপস্থিত সকল কাউন্সিলরকে অনুরোধ জানান। তালিকা প্রাপ্তি স্বাপেক্ষে অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর এ বিষয়ে ঐক্যমত্য পোষন করেন।</p>		
১০.	বিবিধ (২) ডিএনসিসি'র বিভিন্ন উন্নয়ন মূলক কাজ সম্পর্কে অবহিত করণ প্রসঙ্গে।	<p>সভাপতি বলেন, ডিএনসিসি সম্প্রতি বেশ কিছু উন্নয়নমূলক কাজ হাতে নিয়েছে, যা ডিএনসিসি'র নির্বাচিত প্রতিনিধিদের দায়িত্বভার গ্রহণের আড়াই বছর অর্থাৎ আগামী ডিসেম্বর ২০১৭ এর মধ্যে সমাপ্ত হবে। এ সকল চলমান উন্নয়নমূলক কার্যাবলীর অগ্রগতি/বর্তমান অবস্থা সভায় অবহিত করার নিমিত্তে উপস্থাপন করা হলোঃ</p> <p>❖ <u>বনানী কবরস্থান আধুনিকায়নঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ কাজের নামঃ Repair Restoration and Renovation Works of Banani Graveyard at Banani Dhaka Under DNCC ✓ চুক্তি মূল্যঃ ৪০৬.০৪ লক্ষ টাকা ✓ কাজ আরম্ভের তারিখঃ ২৪/০২/২০১৭ ✓ কাজ সম্পন্নতার তারিখঃ ২২/০৮/২০১৭ ✓ নিয়োজিত কনসালটেন্টঃ ভিত্তি স্থপতি লিমিটেড ✓ নিয়োজিত ঠিকাদারঃ মেসার্স এস এম কনস্ট্রাকশন ✓ কাজের অগ্রগতিঃ ৪৫% <p>দেশের স্বনামধন্য আর্কিটেক্ট ইকবাল হাবিব, তার কনসালটেন্ট প্রতিষ্ঠান "ভিত্তি স্থপতি লিমিটেড" দ্বারা ডিজাইনকৃত বনানী কবরস্থানের আধুনিকায়ন কাজটির ১ম পর্যায়ে "আল্লাহ" ও "কালেমা শাহদাত" এর আরবি ক্যালিগ্রাফিক ডিজাইন সম্বলিত বাউন্ডারী ওয়াল (দক্ষিণ-পূর্ব ও পশ্চিম অংশ) এর কাজ, নয়নাভিরাম গেট হাউজ (অফিস, মসজিদ, গেট) বঙ্গবন্ধুর পরিবারের ও জাতীয় শহীদ নেতাগণের কবরের দৃষ্টিনন্দন উন্নয়ন, পাথওয়ে, ইলেকট্রিক্যাল, লাইটিংয়ের কাজ- উক্ত প্রজেক্টে অগ্রগতি রয়েছে। ইতোমধ্যে বাউন্ডারী ওয়ালের কাজ প্রায় ৪০%, বঙ্গবন্ধুর পরিবারের ও জাতীয় শহীদ নেতাগণের কবর উন্নয়নের কাজ প্রায় ৫০%, মসজিদ ও অফিস নির্মাণের কাজ প্রায় ২০%সহ আরো অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পন্ন হয়েছে।</p> <p>❖ <u>বনানী কমিউনিটি সেন্টার এবং তৎসংলগ্ন খালি জায়গা সংস্কার ও আধুনিকায়নঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ কাজের নামঃ Improvement & Beautification of vacant land adjacent to Banani Community Center, under Word-19, DNCC ✓ চুক্তি মূল্যঃ ২০৪.০৪ লক্ষ টাকা ✓ কাজ আরম্ভের তারিখঃ ২১/১২/২০১৬ ✓ কাজ সম্পন্নতার তারিখঃ ২২/০৫/২০১৭ (বর্ষিত সময়ঃ ২২/০৬/২০১৭) ✓ নিয়োজিত কনসালটেন্টঃ আরবানা ✓ নিয়োজিত ঠিকাদারঃ মেসার্স এস এম কনস্ট্রাকশন ✓ কাজের অগ্রগতিঃ ৯০% <p>দেশের স্বনামধন্য আর্কিটেক্ট কাসেফ জৌধুরী, তার কনসালটেন্ট প্রতিষ্ঠান "আরবানা" দ্বারা ডিজাইনকৃত বনানী কমিউনিটি সেন্টার সংলগ্ন 'আধুনিক সিরামিক ইন্টারি ফুডকোর্ট' নির্মাণের কারিগরী নকশা ও সার্বিক তদারকি করেন। ফুডকোর্টের ১২টি দোকানের কাজ প্রায় ৯০% সম্পন্ন হয়েছে। বর্তমানে এর ফিনিশিং কাজ চলমান রয়েছে।</p> <p>❖ <u>গুলশান-২ পাকা মার্কেট আধুনিকায়নঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ কাজের নামঃ Exterior Renovation of Market & Beautification of vacant land adjacent to Gulshan-2, DNCC Pakka Market, under Word-19, DNCC 	<p>১। শহরে সৌন্দর্য বর্ধন সংক্রান্ত বিভিন্ন উন্নয়নমূলক চলমান সমস্ত কার্যক্রমের অগ্রগতিতে ও নতুন গৃহীত কার্যক্রমের পদক্ষেপে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর সন্তোষ প্রকাশ করে অসমাপ্ত কাজ নির্ধারিত সময়ে সম্পাদনের অনুরোধ রাখেন।</p> <p>২। এ ছাড়াও সম্মানিত কাউন্সিলরবৃন্দ নতুন ৪০০০ বাস চালু করণ এর কার্যক্রম মেয়রকে দায়িত্ব দেয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রসংশা করেন এবং মাননীয় মেয়রকে অভিনন্দন জানান।</p>	• সংশ্লিষ্ট বিভাগ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>✓ চুক্তি মূল্যঃ ৩৭২.৭৪ লক্ষ টাকা</p> <p>✓ নিয়োজিত কনসালটেন্টঃ আরবানা</p> <p>✓ বর্তমান অবস্থাঃ দরপত্র মূল্যায়ন চলমান</p> <p>পুলশান-২ এ অবস্থিত ডিএনসিসি'র পাকা মার্কেটটির বেহাল দশার প্রেক্ষিতে মাননীয় মেয়র কর্তৃক অনুমোদিত দেশের স্বনামধন্য আর্কিটেক্ট কাসেফ চৌধুরী, তার কনসালটেন্ট প্রতিষ্ঠান "আরবানা" দ্বারা মার্কেটটির বাহ্যিক সৌন্দর্য বর্ধনের কাজ হাতে নেয়া হয়েছে। এ প্রেক্ষিতে ২৯/০৩/২০১৭ তারিখে টেন্ডার আহ্বান ও ২৬/০৪/২০১৭ তারিখে টেন্ডার গ্রহণ করে বর্তমানে মূল্যায়ন চলমান রয়েছে।</p> <p>❖ <u>প্রগতি স্বরনী ওয়াল/গ্রীল পুনঃনির্মাণ ও সৌন্দর্য বর্ধনঃ</u></p> <p>➤ <u>প্রগতি স্বরনী ওয়াল পুনঃনির্মাণ সংক্রান্ত কাজের বিবরণঃ</u></p> <p>✓ কাজের নামঃ Reconstruction, Repair, Restoration & Renovation work of Boundary wall from Nadda to Natun Bazar Madani Avenue at Progati Sarani East side of Baridhara 'K' Block</p> <p>✓ চুক্তি মূল্যঃ ১৮৭.৩৩ লক্ষ টাকা</p> <p>✓ কাজ আরম্ভের তারিখঃ ০৫/০৪/২০১৭</p> <p>✓ কাজ সম্পন্নের তারিখঃ ০১/১০/২০১৭</p> <p>✓ নিয়োজিত কনসালটেন্টঃ জনাব রবিউল ইসলাম</p> <p>✓ নিয়োজিত ঠিকাদারঃ মেসার্স গ্রীন কর্পোরেশন</p> <p>✓ কাজের অগ্রগতিঃ ৫৩%</p> <p>নন্দা থেকে নতুন বাজার পর্যন্ত মাদানী এভিনিউ সংলগ্ন প্রগতি স্বরনিস্থ বারিধারা কে ব্লকে পূর্বে বিদ্যমান পুরোনো বাউন্ডারি ওয়ালটির পরিবর্তে সিরামিক ইট দ্বারা নির্মিত প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত বাউন্ডারী দেয়ালটির কাজটি চলমান রয়েছে। ইতোমধ্যে ডিএনসিসি'র প্রকৌশল বিভাগ অঞ্চল-৩ কর্তৃক নিয়োজিত ঠিকাদার দ্বারা প্রায় ৫৩% কাজ সম্পন্ন হয়েছে এবং ডিএনসিসি'র পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক নিয়োজিত প্রতিষ্ঠান দ্বারা বনায়ন কাজ চলমান রয়েছে।</p> <p>➤ <u>প্রগতি স্বরনী গ্রীলপুনঃনির্মাণ সংক্রান্ত কাজের বিবরণঃ</u></p> <p>✓ কাজের নামঃ নতুন বাজার বাঁশতলা হতে অ্যামেরিকান এ্যাড্বাসি পর্যন্ত গ্রীল ফেন্সিংযুক্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ শীর্ষক</p> <p>✓ চুক্তি মূল্যঃ ৫৪,৯১,৪৯১.৫৫০ টাকা</p> <p>✓ কাজ শুরুর তারিখঃ ২৩/০৩/২০১৭</p> <p>✓ কাজ সম্পাদনের তারিখঃ ২০/০৬/২০১৭</p> <p>✓ নিয়োজিত ঠিকাদারঃ M/S Khaleque Enterprise, 1/C, 5/1/1, Mirpur, Dhaka-1216</p> <p>✓ বর্তমান কাজের অবস্থাঃ ৭০% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মেয়র মহোদয়ের নির্দেশনার আলোকে কাজটির ডিজাইন ও ড্রইং এর কিছুটা পরিবর্তন এনে প্রাক্কলন সংশোধন করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন হবে।</p> <p>❖ <u>এয়ারফোর্স (পুরাতন বিমান বন্দর) এর ওয়াল পুনঃনির্মাণ ও সৌন্দর্য বর্ধনঃ</u></p> <p>Old Airport Fence Design Description:</p> <p>Architects :Md Rabiul Islam :Shuvo Datta :Muhammad Bin Monsur :Tanjina Khaleque :Utsha Zaman</p> <p>Function :Dedicated green patch :Cycle track :Walkway :Transparent security with metal fence</p>		

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>Length :2.3 km (approx.)</p> <p>Land Occupied :Maximum 3.9m [average 3m] from the existing boundary of Old Airport</p> <p>Elevated Walkway :beside Bijoy Sarani Road</p> <p>❖ <u>শেরে বাংলা নগর কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়াল পুনঃনির্মাণ ও সৌন্দর্য বর্ধনঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ কাজের নামঃ Construction of grill by replacing boundary wall from Planning Commission to Gonobhabon High School- More trade fair field road west and north side ✓ Scheduled Tender/Proposal Publication Date and Time: 04 June 2017 -12.00 ✓ Pre-Tender/ Proposal Meeting Start Date and Time: 05 June 2017 -10.00 ✓ Tender/ Proposal Closing Date and Time: 22 June 2017-12.00 ✓ Last Date and Time for Tender/Proposal Security Submission: 22 June 2017-11.30 ✓ Official Cost Estimate: 15992941.433 (in BD Tk) <p>❖ <u>কাওরান বাজার স্থানান্তর (আমিন বাজার কাঁচা বাজারে BADC এর জমি হস্তান্তর ও রাস্তা নির্মাণ)</u></p> <p>➤ <u>জমির বিবরণঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ মৌজার নামঃ মিরপুর ✓ সি এস দাগ নং পূর্ণ- ৬৭০, ৬৭২, ৬৭৩, ৬৭৫, ৬৭৭, ১০২৬, ৭৬৫, ৭৬৮, ৭৬৯, ৭৬১, ৭৬২, ৭৬৪, ৭৬৬, ৭৬৭, ৮০৪, ৮০৫, ৮০৬, ৮০৭ ও ৮১১ এবং আংশিক- ৭৯৮ ও ৮০০। ✓ জমির পরিমাণঃ ১৩.০০ একর ✓ পূর্বের মালিকঃ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ✓ ক্রয় মূল্যঃ ১৩,৪০,৯৬,১০০/- টাকা ✓ হস্তান্তরের তারিখঃ ০৩/০৭/২০০৭ খ্রিঃ <p>➤ <u>রাস্তা নির্মাণ সংক্রান্ত বিবরণঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ পটভূমিঃ কাওরান বাজারের ৫৪৯জন ব্যবসায়ীকে আমিন বাজার পাইকারী কাঁচা বাজারে নির্মিত মার্কেটে স্থানান্তরের সংক্রান্তে কাওরান বাজার ব্যবসায়ীদের সাথে আলোচনায় রাস্তাটি নির্মাণের জন্য মেয়র মহোদয়ের মৌখিক নির্দেশনা পাওয়া যায়। ✓ প্রাক্কলনঃ মেয়র মহোদয়ের নির্দেশনার আলোকে বিষয়োক্ত রাস্তাটি নির্মাণের প্রাক্কলন প্রস্তুত করা হয় এবং প্রাক্কলনটির আর্থিক ও প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়াছে। ✓ বর্তমান অবস্থাঃ মেয়র মহোদয়ের পরামর্শ অনুযায়ী প্রধান প্রকৌশলী মহোদয় রাস্তার দুই পার্শ্বের পানি প্রবাহের জন্য পাইপের পরিবর্তে ২টি 2 vent Box Culvert নির্মাণের সম্ভাব্যতা যাচাই এর জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে সম্ভাব্যতা যাচাই করা হয়েছে, সে অনুযায়ী ২টি 2 vent Box প্রাক্কলনে অন্তর্ভুক্ত করে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। খুব শীঘ্রই অনুমোদনের জন্য উত্থাপন করা হবে। 		

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>❖ <u>রাজধানীতে ৪০০০ বাস চালুকরণঃ এ বিষয়ে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা হয়েছেঃ</u></p> <ul style="list-style-type: none"> ✓ রাজধানীতে ৪০০০ বাস চালু করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রস্তাবনা পেশ করা হয়েছে। ✓ ৪০০০ বাস চালু করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত সম্মতি রয়েছে। ✓ মাননীয় প্রধানমন্ত্রী এই কার্যক্রম বাস্তবায়নের জন্য ডিএনসিসি'র মেয়র মহোদয়ের এর উপর সদয় দায়িত্ব অর্পন করেছেন। ✓ বিভিন্ন স্টেক হোল্ডারদের সাথে প্রায় ২৪-২৫ টা ফলপ্রসূ সভা করা হয়েছে। ✓ সরকারের নিকট থেকে স্বল্প সুদে Loan নিয়ে এসি গাড়ী ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ✓ পুরাতন গাড়ী গুলোর মধ্য থেকে মিনি বাস withdraw করে নেওয়া হবে। ✓ ঢাকার ভিতরের বাস ডিপোগুলিকে সিটি বাস ডিপো হিসেবে ব্যবহার করা হবে। ✓ District বাস টার্মিনালের জন্য ঢাকার বাহিরে জমি দেখা হচ্ছে। এ বিষয়ে মাননীয় মেয়র এবং ডিসি এর সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। <p>❖ <u>রাজউক/পিডব্লিউডি হতে প্রাপ্ত পার্ক/খেলার মাঠসমূহঃ</u></p> <ol style="list-style-type: none"> ১. গুলশান সেন্ট্রাল পার্ক ২. বনানী ২৭নং সড়ক পার্ক ৩. আনোয়ারা পার্ক, ফার্মগেট ৪. মোহাম্মদপুর ত্রিকোণাকৃতির মাঠ (টাউন হল সংলগ্ন মাঠ) <p>এছাড়াও গত ০২/০৪/২০১৭ খ্রিঃ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অনতিত সভায়, উত্তরাঞ্চ সেক্টর-৩, ৪, ১১, ১২, ১৩ ও ১৪ এর প্রতিটি সেক্টরের একটি করে মোট ৬টি পার্ক রাজউক হতে ডিএনসিসি বরাবর শুধু মাত্র ব্যবস্থাপনার জন্য হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>মালিকানাসহ হস্তান্তর করা প্রয়োজন মর্মে মেয়র মহোদয় জানিয়েছেন।</p> <p>শহরে সৌন্দর্য বর্ধন সংক্রান্ত বিভিন্ন উন্নয়নমূলক চলমান সমস্ত কার্যক্রমের অগ্রগতি ও নতুন গৃহীত কার্যক্রমের পদক্ষেপে উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর সন্তোষ প্রকাশ করেন এবং অসমাপ্ত কাজ নির্ধারিত সময়ে সম্পাদনের অনুরোধ জানান। এ ছাড়াও নতুন ৪০০০ বাস চালু করণ এর কার্যক্রম মেয়রকে দায়িত্ব দেয়ায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রসংশা করেন এবং মাননীয় মেয়রকে অভিনন্দন জানান।</p>		
বিবিধ (৩) কোরবানীর পশুর হাট ইজারা সংক্রান্ত	<p>কোরবানীর পশুর হাট ইজারা সংক্রান্ত বিষয়ে গত ২৩/০৩/২০১৭ তারিখের সভায় ০৮টি হাট স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিলো মর্মে প্রধান সম্পত্তি কর্মকর্তা কর্পোরেশন সভাকে অবহিত করেন। তিনি আরও জানান, সভার সিদ্ধান্ত মতে টিএভিটি মাঠে পশুর হাট বসানোর ক্ষেত্রে পুলিশ প্রশাসন ও বিটিসিএল এর অনাপত্তির জন্য ইতোমধ্যে পত্র দেয়া হয়েছে, তবে এখনও কোন জবাব পাওয়া যায়নি।</p> <p>তাছাড়া গত ১০/০৬/২০১৭ তারিখ প্রধান নির্বাহী কর্মকর্তা, ১৭ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ডাঃ জিন্নাত আলী ও প্রধান সম্পত্তি কর্মকর্তা ৩০০ ফুট সড়কের পার্শ্বস্থ খালি জায়গা পরিদর্শন করেছেন। ৩০০ ফুট সড়কের দক্ষিণ পার্শ্ব বসুন্ধরা প্রাচীরের মধ্যবর্তী ফাঁকা স্থানে অস্থায়ী পশুর হাট স্থাপন করা যায় মর্মে প্রস্তাব উত্থাপন করেন।</p> <p>বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ঈদ উল আযহা ২০১৭ উপলক্ষে নিম্নরূপ ০৯টি স্থানে কোরবানীর অস্থায়ী পশুর হাট স্থাপনের জন্য নির্ধারণের নিমিত্ত সভায় আলোচনা করা হয়ঃ</p> <ol style="list-style-type: none"> ১। উত্তরা ১৫ নং সেক্টরের ব্রীজ সংলগ্ন খালি জায়গা। ২। খিলক্ষেত বনরূপা আবাসিক প্রকল্পের খালি জায়গা ৩। আশিয়ান সিটি হাউজিং পশুর হাট ৪। খিলক্ষেত ৩০০ ফুট সড়ক সংলগ্ন বসুন্ধরা প্রাচীর মধ্যবর্তী ফাঁকা 	<p>ঈদ উল আযহা ২০১৭ উপলক্ষে নিম্নবর্ণিত ০৯টি স্থানে কোরবানীর অস্থায়ী পশুর হাট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ</p> <ol style="list-style-type: none"> ১। উত্তরা ১৫ নং সেক্টরের ব্রীজ সংলগ্ন খালি জায়গা। ২। খিলক্ষেত বনরূপা আবাসিক প্রকল্পের খালি জায়গা ৩। আশিয়ান সিটি হাউজিং পশুর হাট ৪। খিলক্ষেত ৩০০ ফুট সড়ক সংলগ্ন বসুন্ধরা প্রাচীর মধ্যবর্তী ফাঁকা জায়গা। এ বিষয়ে রাজউককে একটি পত্র মারফত অবহিত করার ব্যবস্থা নিতে হবে। ৫। ভাটারা (সাইদ নগর) পশুর হাট 	<ul style="list-style-type: none"> • প্রধান সম্পত্তি কর্মকর্তা 	

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>জায়গা</p> <p>৫। ভাটারা (সাইদ নগর) পশুর হাট</p> <p>৬। বাব্বা ইন্টার্ন হাউজিং এর (আফতাব নগর) পূর্বাংশের খালি জায়গা</p> <p>৭। মোহাম্মদপুর বুদ্ধিজীবী সড়ক সংলগ্ন পুলিশ লাইনের খালি জায়গা (বহিলা)।</p> <p>৮। মিরপুর সেকশন-৬, ওয়ার্ড নং-৬ ইন্টার্ন হাউজিং এর খালি জায়গা</p> <p>৯। মিরপুর ডিওএইচএস এর উত্তরে সেতু প্রপার্টি হাউজিং এর খালি জায়গা।</p> <p>সভাপতিসহ উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর খিলক্ষেত ৩০০ ফুট সড়ক সংলগ্ন বসুন্ধরা প্রাচীর মধ্যবর্তী ফাঁকা জায়গায় হাট স্থাপনের বিষয়ে রাজউককে একটি পত্র মারফত অবহিত করার ব্যবস্থা গ্রহণসহ বর্ণিত ০৯টি স্থানে পবিত্র ঈদ উল আযহা ২০১৭ উপলক্ষে অস্থায়ী পশুর হাট স্থাপনের বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।</p>	<p>৬। বাব্বা ইন্টার্ন হাউজিং এর (আফতাব নগর) পূর্বাংশের খালি জায়গা</p> <p>৭। মোহাম্মদপুর বুদ্ধিজীবী সড়ক সংলগ্ন পুলিশ লাইনের খালি জায়গা (বহিলা)।</p> <p>৮। মিরপুর সেকশন-৬, ওয়ার্ড নং-৬ ইন্টার্ন হাউজিং এর খালি জায়গা</p> <p>৯। মিরপুর ডিওএইচএস এর উত্তরে সেতু প্রপার্টি হাউজিং এর খালি জায়গা।</p>	

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৯/০৬/২০১৭ খ্রিঃ
আনিসুল হক
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
কর্পোরেশন সভা।

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫-৭৮৬

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১) মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

তারিখঃ ১৯/০৬/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং/সংরক্ষিত আসন নং
- ২) সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোব্বাশের চৌধুরী, ওয়ার্ড নং-০৭, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩) বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫) মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৬) প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭) সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮) অফিস কপি।

(দুলাল কৃষ্ণ সাহা)
সচিব (যুগ্ম-সচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।